দৈনিক ইত্তেফাক

SEP 27 1999
তারিখ ... পৃঃ ... কলাম 8

36

১১ জন ভিসির বিবৃতি

# ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বজায় রাখুন

দেশের ১১টি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ গতকাল (রবিবার) এক যুক্তবিবৃতিতে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সার্বিকভাবে সহায়তা করার জন্য বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানাইয়াছেন। বিবৃতিতে বলা হয় ঃ আমরা অত্যন্ত উদ্বেগের সহিত লক্ষ্য করিতেছি যে, সাম্প্রতিককালে বিভিন্ন বিশ্ববিদ্যালয় (১৫শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

১১ জন ভিসির বিবৃতি

(১ম পৃঃ পর)

মুষ্টিমেয় কিছুসংখ্যক শিক্ষার্থী নানা সংগঠনের ব্যানারে বিভিন্ন অযৌক্তিক অজুহাতে বিশ্ববিদ্যালয়সমূহ অচল করিয়া দেওয়ার চেষ্টা করিতেছে। ইহার ফলে বিশ্ববিদ্যালয়সমূহে লেখাপড়া করিতে আসা হাজার হাজার শিক্ষার্থী ও তাহাদের অভিভাবকরা চরম দুর্ভোগের সম্মুখীন হন। বিশ্ববিদ্যালয়সমূহে লেখাপড়ার পরিবেশ বিঘ্নিত হইলে তাহার চাপ পড়ে দেশের জনগণের উপর যাহা কোন অবস্থাতেই কাম্য হইতে পারে না। বিবৃতিতে বলা হয়, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ রাখিয়াছে। স্বাভাবিকভাবেই এই বরাদ্দের সিংহভাগ খরচ করা হয় প্রাইমারী শিক্ষাখাতে যাহার যৌক্তিকতা সকলেই স্বীকার করিবেন। বিশ্ববিদ্যালয় পর্যায়ের বরাদ্দও পূর্বের তুলনায় বৃদ্ধি পাইয়াছে। তবে শিক্ষা উপকরণ ও অন্যান্য আনুসঙ্গিক ব্যয় বৃদ্ধি পাওয়াতে অনেক সময় এই বরাদ্দ পর্যাপ্ত হয় না। বিশ্ববিদ্যালয়গুলির অভাব-অভিযোগ সম্পর্কে সরকারকে সদাসর্বদাই অবহিত করা হয়। সীমিত সম্পদের কথা বিবেচনায় রাখিয়াও সরকার বিশ্ববিদ্যালয়গুলির সমস্যা সমাধানে যথেষ্ট আন্তরিক এবং সদা সচেষ্ট। কথায় কথায় বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দিয়া সেশন জট এবং অন্যান্য দুর্ভোগ না বাড়াইয়া যৌক্তিক আলোচনার মাধ্যমে সংকট নিরসনের প্রচেষ্টাই দেশ ও জাতির তথা শিক্ষার্থীদের জন্য অধিকতর কল্যাণ বহিয়া আনিবে।

বিবৃতিদাতারা হইল ঃ প্রফেসর আবুল কালাম আজাদ চৌধুরী, ভিসি; ঢাকা বিশ্ববিদ্যালয়; প্রফেসর সাইদুর রহমান খান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি; প্রফেসর আবুদল মান্নান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি; প্রফেসর মুহাম্মদ হোসেন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি; প্রফেসর আলাউদ্দিন আহমদ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি; প্রফেসর মুহাম্মদ কায়েস উদ্দিন, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি; প্রফেসর আমিনুল ইসলাম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি; প্রফেসর এসএম নজরুল ইসলাম, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসি; প্রফেসর এম হাবিবুর রহমান, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি; প্রফেসর এম আমিনুল ইসলাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং প্রফেসর এম নূরউদ্দিন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভিসি।